

🔳 আল-আনকাবৃত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯: ৪৩

💵 আরবি মূল আয়াত:

وَ تِلكَ الاَمثَالُ نَضرِبُهَا لِلنَّاسِ وَ مَا يَعقِلُهَا إِلَّا العلِّمُونَ ﴿٢٣﴾

🗚 অনুবাদসমূহ:

আর এসব দৃষ্টান্ত আমি মানুষের জন্য পেশ করি; আর জ্ঞানী লোকেরা ছাড়া কেউ তা বুঝে না। — আল-বায়ান এ সব দৃষ্টান্ত আমি মানুষদের জন্য বর্ণনা করছি, কেবল জ্ঞানীরাই তা বুঝে। — তাইসিরুল মানুষের জন্য এ সব দৃষ্টান্ত বর্ণনা করে থাকি, কিন্তু শুধু জ্ঞানী ব্যক্তিরাই এটা বুঝে। — মুজিবুর রহমান And these examples We present to the people, but none will understand them except those of knowledge. — Sahih International

৪৩. আর এ সকল দৃষ্টান্ত আমরা মানুষের জন্য দেই; কিন্তু শুধু জ্ঞানী ব্যক্তিরাই এটা বুঝে।(১)

(১) মাকড়সার জাল দ্বারা মুশরিকদের উপাস্যদের দৃষ্টান্ত দেয়ার পর এখন বলা হয়েছে যে, আমি সুস্পষ্ট দৃষ্টান্ত দ্বারা তাওহীদের স্বরূপ বর্ণনা করি; কিন্তু এসব দৃষ্টান্ত থেকেও কেবল আলেমগণই জ্ঞান আহরণ করে। অন্যরা চিন্তা-ভাবনাই করে না। ফলে সত্য তাদের সামনে ফোটে না। মূলতঃ কুরআন ও হাদীসের কিছু শব্দ বুঝে নিলে কেউ আল্লাহর কাছে আলেম হয় না, যে পর্যন্ত কুরআন নিয়ে চিন্তা-ভাবনার অভ্যাস গড়ে না তোলে এবং যে পর্যন্ত সে কুরআন অনুযায়ী আমল না করে। আমর ইবন আস রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কাছ থেকে এক হাজার দৃষ্টান্ত শিক্ষা করেছি। [মুসনাদে আহমাদ: ৪/২০৩] এটা নিঃসন্দেহে আমর ইবন আস রাদিয়াল্লাহু আনহুর একটি বিরাট শ্রেষ্ঠত্ব। কেননা, আল্লাহ তা'আলা এই আয়াতে তাদেরকেই আলেম বলেছেন, যারা আল্লাহ ও রাস্লু বর্ণিত দৃষ্টান্তসমূহ বোঝে। আমর ইবনে মুররা বলেন, আমি যখন এমন কোন আয়াতে পৌছি, যা আমার বোধগম্য নয়, তখন মনে খুব দুঃখ পাই। কেননা, আল্লাহ বলেনঃ "এ সকল উদাহরণ আমি মানুষের জন্য দেই, কিন্তু জ্ঞানীরাই তা বোঝে"। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (৪৩) মানুষের জন্য আমি এ সকল দৃষ্টান্ত দিয়ে থাকি,[1] কিন্তু কেবল জ্ঞানী ব্যক্তিরাই তা বুঝতে পারে। [2]
 - [1] অর্থাৎ, তাদের গাফলতির ঘুম হতে জাগানো, শিরকের বাস্তবিকতা সম্পর্কে জ্ঞাত করানো ও সরল পথ প্রদর্শনের জন্য।





[2] এখানে জ্ঞানী বলতে আল্লাহ, তাঁর শরীয়ত এবং তাঁর আয়াত ও প্রমাণের জ্ঞানের জ্ঞানী। যার উপর চিন্তা-ভাবনা করলে আল্লাহর পরিচয় ও হিদায়াতপ্রাপ্ত হওয়া যায়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3383

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন